রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারী ২৬, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## আইন ও বিচার মন্ত্রণালয়

### রিজলিউশন

ঢাকা, ১০ই মাঘ, ১৩৯৭/২৪শে জানুয়ারী, ১৯৯১

এস, আর, ও, নং ৪৭-আইন/৯১/৩৪-বিচার-১/৪এ-৪/৮৯—যেহেতু দেশে প্রচলিত বিভিন্ন আইন সময়োপযোগী করিয়া সংস্কারকল্পে অত্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২রা মাঘ, ১৩৯৬ বাংলা মোতাবেক ১৫ই জানুয়ারী, ১৯৯০ ইং তারিখের রিজলিউশন নং-২২-বিচার-১/৪এ-৪/৮৯ দ্বারা একটি আইন সংস্কার কমিশন গঠন করা হইয়াছিল ;

এবং যেহেতু উক্ত কমিশনের টার্মস অব রেফারেন্স মূলতঃ পূর্ববর্তী তিনটি কমিশন/কমিটি (যথা—হামুদুর রহমান কমিশন, কেমালউদ্দিন হোসেন কমিটি ও আলতাফ হোসেন কমিশন) এর টার্মস অব রেফারেন্সের অনুরূপ ;

এবং যেহেতু বিচারকার্য পরিচালনার ক্ষেত্রে পদ্ধতিগত ত্রুটি নিরূপণ ও দূর করা সম্পর্কে প্রতিবেদন দাখিল করার দায়িত্ব ব্যতিরেকে উক্ত টার্মস অব রেফারেন্সে বিচার ব্যবস্থা সম্পর্কিত মৌলিক বিষয় বিশেষ করিয়া সাম্প্রতিককালে দেশের সামগ্রীক বিচার ব্যবস্থা বিকেন্দ্রীকরণের মত জনগুরুত্বপূর্ণ বিষয়াবলী অন্তর্ভুক্ত করা হয় নাই ;

এবং যেহেতু উক্ত কমিশন ইতিমধ্যেই বিচারকার্য পরিচালনার ক্ষেত্রে পদ্ধতিগত ত্রুটি সম্পর্কে একটি প্রতিবেদন দাখিল করিয়াছেন ;

এবং যেহেতু উক্ত কমিশনের চেয়ারম্যান ইতিমধ্যে তাঁহার পদ হইতে ইস্তফা দিয়াছেন ;



মূল্য : ৩০ পয়সা

অতএব, যেহেতু, সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিলেন:—

১। অত্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২রা মাঘ, ১৩৯৬ বাংলা মোতাবেক ১৫ই জানুয়ারী, ১৯৯০ ইং তারিখের রিজলিউশন এতদ্বারা বাতিল করা হইল।

২। উক্তরূপ বাতিলের সংগে সংগে উক্ত রিজলিউশনমূলে গঠিত আইন সংস্কার কমিশন ভাংগিয়া যাইবে এবং উহার সকল সদস্যের নিযুক্তি বাতিল হইয়া যাইবে।

এই রিজলিউশন সরকারী গেজেটে প্রকাশ করা হউক।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, করিম

ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।